

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং: ৩৮.০১.০০০০.১০৭.৩৭.০০৯.২০২২.৬৩৩

তারিখ: ২৯ বৈশাখ ১৪২৯
১২ মে ২০২২

বিষয়: প্রাথমিক বিদ্যালয়ের স্টুডেন্টস কাউন্সিল গঠন ও নির্বাচন।

সূত্র: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং প্রাগম/বিদ্যা-২/১৪ বিবিধ-৩৫/২০১০-২৮৩ তারিখ: ১৭/৫/২০১০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, নিম্নলিখিত উদ্দেশ্যকে সামনে রেখে ২০১০ সনে সারাদেশের ১৯টি জেলার ২০টি উপজেলার ১০০টি প্রাথমিক বিদ্যালয়ে সরাসরি নির্বাচনের মাধ্যমে স্টুডেন্টস কাউন্সিল গঠন করা হয়:

- (১) শিশুকাল থেকে গণতন্ত্রের চর্চা এবং গণতান্ত্রিক মূল্যবোধের প্রতি শ্রদ্ধাশীল হওয়া;
- (২) অন্যের মতামতের প্রতি সহিষ্ণুতা এবং শ্রদ্ধা প্রদর্শন;
- (৩) বিদ্যালয়ের শিখন শিখনো কার্যক্রমে শিক্ষকমন্ডলীকে সহায়তা করা;
- (৪) বিদ্যালয়ে ১০০% ছাত্র ভর্তি ও ঝরে পড়া রোধে সহযোগিতা করা;
- (৫) শিখন শেখানো কার্যক্রমে শিক্ষার্থীদের মাধ্যমে অভিভাবকদের সম্পৃক্ত করা;
- (৬) বিদ্যালয়ের পরিবেশ উন্নয়ন কর্মকাণ্ডে শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করা।

২। স্টুডেন্টস কাউন্সিলের কার্যক্রম স্থানীয় জনসাধারণ, ছাত্রছাত্রী এবং শিক্ষকদের মাঝে বিপুল আগ্রহ ও উৎসাহ উদ্দীপনার সৃষ্টি করে। স্টুডেন্টস কাউন্সিলের কার্যক্রম ২০১০ সনের সাফল্যের ধারাবাহিকতায় ২০১১ সনে পূর্ববর্তী বছরের ১০০টি বিদ্যালয়সহ সকল মডেল প্রাথমিক বিদ্যালয়ে স্টুডেন্টস কাউন্সিল গঠনের নির্দেশনা প্রদান করা হলে সারাদেশে ৭৪১টি বিদ্যালয়ে সরাসরি নির্বাচনের মাধ্যমে স্টুডেন্টস কাউন্সিল গঠিত হয় এবং ২০১২ সনে সারাদেশে সর্বমোট ১৩,৫৮৩ টি বিদ্যালয়ে স্টুডেন্টস কাউন্সিল নির্বাচন অনুষ্ঠিত হয়।

৩। স্টুডেন্টস কাউন্সিল এর কার্যক্রম বিস্তৃত করার লক্ষ্যে ২০১৩ সন থেকে সারাদেশের সকল উপজেলা/থানার সকল প্রাথমিক বিদ্যালয়ে স্টুডেন্টস কাউন্সিল গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৫। এমতাবস্থায় তাঁর জেলার সকল উপজেলা/থানার সকল প্রাথমিক বিদ্যালয়ে স্টুডেন্টস কাউন্সিল নির্বাচনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৬। এতদসংক্রান্ত কর্মপরিকল্পনা ও নির্বাচন তফসিল (সংশ্লিষ্ট-১) এতদসংগে প্রেরণ করা হলো এবং সকল প্রতিবেদন ও তথ্য নির্ধারিত তারিখে ছক মোতাবেক ইমেইল ddestabdpe@gmail.com এ প্রেরণের জন্য অনুরোধ করা হলো।


মোহাম্মদ নজরুল ইসলাম
সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)

জেলা:.....।

স্মারক নং: ৩৮.০১.০০০০.১০৭.৩৭.০০৯.২০২২.৬৩৩(১১৪৯)

তারিখ: ২৯ বৈশাখ ১৪২৯
১২ মে ২০২২

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

- ১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬।
- ৩। পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬।
- ৪। জেলা প্রশাসক (সকল), জেলা।
- ৫। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/ময়মনসিংহ/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ (বিষয়টি নিশ্চিতকরণের অনুরোধসহ)।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল), উপজেলা:, জেলা:
- ৭। জনাব জেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, জেলা।
- ৮। উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল), উপজেলা/থানা:, জেলা:
- ৯। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬।
- ১০। অফিস কপি।


মোহাম্মদ নজরুল ইসলাম
সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)

প্রাথমিক বিদ্যালয়ে স্টুডেন্টস কাউন্সিল নির্বাচন ২০২২

কর্মপরিকল্পনা

- ১। সহকারী উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তা কর্তৃক প্রধান শিক্ষক ও : ১৪-১৬ মে ২০২২
এসএমসি'র সভাপতিগণকে অবহিতকরণ
- ২। বিদ্যালয় পর্যায়ে এসএমসি, শিক্ষক, অভিভাবক ও ছাত্র ছাত্রী সমন্বয়ে : ১৭-২১ মে ২০২২
অবহিতকরণ সভা
- ৩। নির্বাচন কমিশনার নিয়োগ : ২২ মে ২০২২
- ৪। ভোটার তালিকা প্রকাশ ও নির্বাচনের তফসিল ঘোষণা : ২৩ মে ২০২২

নির্বাচন তফসিল

- ১। মনোনয়ন আহ্বান : ২৪ মে ২০২২
- ২। মনোনয়ন জমা : ২৮ মে ২০২২
- ৩। মনোনয়নপত্র বাছাই ও বৈধ প্রার্থীর তালিকা প্রকাশ : ২৯ মে ২০২২
- ৪। মনোনয়নপত্র প্রত্যাহার এবং চূড়ান্ত তালিকা প্রকাশ : ৩০ মে ২০২২
- ৫। ভোট গ্রহণ (সকাল ৯.০০ টা থেকে দুপুর ১.০০ টা পর্যন্ত) ও ফলাফল প্রকাশ : ০২ জুন ২০২২
- ৬। নির্বাচন সংক্রান্ত প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণের সর্বশেষ তারিখ : ০৫ জুন ২০২২